

ঢাকার ইক্সটেন্স প্রিবেসী কল্যাণ ভবনে প্রিবেসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র সাথে কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (কইকা) বাংলাদেশ অফিসের কান্ট্রি ডিরেক্টর Cary Hyungue Joe ০৬ ডিসেম্বর ২০১৭ বিকাল ০২.৩০ টায় তার অফিস কক্ষে এক সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে বাংলাদেশে দক্ষ জনশক্তি তৈরী ও কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। Cary Hyungue Joe বাংলাদেশে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে অন্যান্য উন্নয়ন সহযোগীদের সাথে কইকা নিরলসভাবে কাজ করে যাচ্ছে এবং ভবিষ্যতে করবে বলে আশা ব্যক্ত করেন। তিনি আরও জানান, এ পর্যায়ে রাজশাহী টিটিসি উন্নয়নের জন্য কইকা ৮.৫ মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে একটি প্রকল্প বাস্তবায়ন করছে। সেখানে নতুন প্রশাসনিক ভবন, ডরমেটরি নির্মাণ, পুরাতন ভবন ও ওয়ার্কশপসমূহ সংস্কার, আধুনিক প্রশিক্ষণ যন্ত্রপাতি, প্রশিক্ষণ মান ও কারিকুলাম উন্নয়ন এবং দেশে-বিদেশে শিক্ষক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রকল্প নির্মাণ কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। তিনি আরও জানান যে, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এর সহায়তায় মোট ৩৬.৫ মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে গৃহীত নতুন একটি প্রকল্পে কইকা ৮.৫ মিলিয়ন মার্কিন ডলার কারিগরি সহায়তা প্রদান করবে। এ প্রকল্পের আওতায় বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও সিলেট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে নতুন ভবন নির্মাণ, বিদ্যমান ভবন সংস্কার, আধুনিক প্রশিক্ষণ যন্ত্রপাতি স্থাপন, বিভিন্ন ট্রেডের জন্য যুগোপযোগী কারিকুলাম তৈরী ও শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হবে। কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র সমূহ হতে উত্তীর্ণ দক্ষ প্রশিক্ষনার্থীদের কোরিয়ান LG (এলজি) কোম্পানী এবং বাটারফ্লাই কর্তৃক বাংলাদেশে স্থাপিতব্য টেকনিভিশন, রেফ্রিজারেটর ও ওয়াশিং মেশিন কারখানায় এপ্রেসিটসশিপ প্রোগ্রামের আওতায় কাজ করার সুযোগ থাকবে। এ লক্ষ্যে ৭ সদস্য বিশিষ্ট কোরিয়ান সমীক্ষা দল আগামী সপ্তাহে বাংলাদেশ সফর করবে। তিনি এ সকল প্রকল্প বাস্তবায়নে সর্বাত্মক সহযোগিতার জন্য ভারপ্রাপ্ত সচিবকে ধন্যবাদ জানান। ভারপ্রাপ্ত সচিব বাংলাদেশের অভিবাসনে পিছিয়ে থাকা জেলাগুলো হতে দক্ষ জনশক্তি উন্নয়নের লক্ষ্যে প্রকল্প/কর্মসূচী গ্রহণের জন্য কাইকাকে অনুরোধ জানান। তিনি দক্ষ জনশক্তি তৈরীর মাধ্যমে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য কোরিয়ান সরকার ও জনগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

